



## আগারগাঁওয়ে এডিবি ভবনের সামনে হঠাৎ হাতবোমা বিস্ফোরণ



সংগৃহীত ছবি

রাজধানীর আগারগাঁওয়ে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) ভবনের সামনে একটি ছোট বিস্ফোরণের ঘটনা ঘটেছে। শনিবার (১৫ নভেম্বর) রাত ৮টা ২০ মিনিটের দিকে স্থানীয়রা হঠাৎ বিকট শব্দ শুনে আতঙ্কিত হয়ে পড়ে।

শেরে বাংলা নগর থানার ওসি ইমামুল হক জানান, বিস্ফোরণে কেউ আহত হয়নি এবং আশপাশের স্থাপনায় বড় ধরনের ক্ষতিও হয়নি। তিনি বলেন, এটি পরিকল্পিত নাশকতার অংশ হতে পারে—সে কারণে ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করে তদন্ত শুরু হয়েছে।

সম্প্রতি মানবতাবিরোধী অপরাধের রায় ও রাজনৈতিক অস্থিরতাকে কেন্দ্র করে রাজধানীর বিভিন্ন এলাকায় বিচ্ছিন্ন সহিংসতা দেখা দিচ্ছে। বাসে অগ্নিসংযোগ থেকে শুরু করে ককটেল বিস্ফোরণ—এ ধরনের ঘটনাগুলোর সঙ্গে আগারগাঁওয়ের বিস্ফোরণেরও যোগসূত্র থাকতে পারে বলে ধারণা করছেন তদন্তকারীরা।

# LENS ASIA